

বেসুর আন্দোলন ভুল বার্তা দিতে পারে, মানেন শিক্ষকরাও নিজস্ব সংবাদদাতা ✧ কলকাতা

দাবি আদায়ের জন্য যে ধরনের আন্দোলন তাঁরা করছেন, তাতে মানুষের কাছে ভুল বার্তা পৌঁছানোর ঝুঁকিও রয়েছে বলে শিবপুর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-র শিক্ষকেরা নিজেরাই মনে করছেন।

ওই বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান (আই এন আই) হিসাবে গড়ে তোলার দাবিতে ছাত্র এবং শিক্ষকেরা রিলে অনশন করছেন। আর এই কর্মসূচির জেরে বিশ্ববিদ্যালয়ে বেশির ভাগ ক্লাসই হচ্ছে না। শিক্ষকদের বক্তব্য: তাঁরা চাইলেও বহু ছাত্রই হুজুগে মেতে ক্লাস করতে চাইছেন না। তবে রিলে অনশনে যোগ দেওয়া শিক্ষকদের পক্ষে ক্লাস নেওয়া যে কঠিন, তাও তাঁরা স্বীকার করেন।

দিন কয়েক আগেও এই দাবিতে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা গণছুটি নিয়েছেন। কথায় কথায় ক্লাস না-হওয়াই যদি রীতি হয়ে দাঁড়ায়, তবে মানুষের কাছে এবং অবশ্যই দিল্লির কাছেও তা ভুল বার্তা পৌঁছে দিতে পারে। জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতির দাবি যদি পঠনপাঠন ও গবেষণা উন্নতির জন্যই হয়, শিক্ষা-শৃঙ্খলার অভাব সেই পথে অন্তরায় হতেই পারে। প্রকল্পটি

যোজনা কমিশনের বিবেচনাধীন রয়েছে।

২০ ফেব্রুয়ারি থেকে রিলে অনশন শুরু করেছেন শিক্ষক ও ছাত্রেরা। শিক্ষক সংগঠনের সম্পাদক সুজয় মুখোপাধ্যায় বলেন, “যে সব ছাত্রছাত্রী অনশনে যোগ দেননি, তাঁদের অনেকেই ক্লাস করছেন না। ফলে নিয়মিত ক্লাসের উপরে তো প্রভাব পড়ছেই।” এর জেরে যে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হতে পারে, সে কথাও স্বীকার করে নিয়েছেন তিনি।

উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায় বলেন, “এ আই সি টি ই-র নিয়মে সেমেস্টারে বসার জন্য পরীক্ষার্থীদের অন্তত ৯০ দিন ক্লাস করতে হয়। সে কথা জেনেও যদি ছাত্রছাত্রীরা ক্লাস না করেন, তা হলে তাঁদেরই ক্ষতি।” কোনও নির্দিষ্ট ব্যাচের পড়ুয়ারা ৯০ দিনের কম ক্লাস করলে তাঁদের পরীক্ষা পিছাতে পারে বলেও জানান তিনি। সে ক্ষেত্রে পরীক্ষার ফল প্রকাশ, চাকরিতে যোগ দেওয়া সব কিছুই বিঘ্নিত হবে বলেও জানান নিখিলবাবু।

এদিকে এই বিশ্ববিদ্যালয়কে আই এন আই করার দাবিতে প্রধা মন্ত্রী মনমোহন সিংহের কাছে একটি চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। উচ্চশিক্ষা মন্ত্রী সুদর্শন রায়চৌধুরী এ কথা জানিয়ে বলেন, “এর আগেও তিন বার কেন্দ্রের কাছে এই দাবি জানানো হয়েছে। আমি নভেম্বরে দু’টি ও ফেব্রুয়ারি মাসে একটি চিঠি দিই কেন্দ্রকে। কিন্তু ওঁদের কাছ থেকে কোনও উত্তর আসেনি।” কেন্দ্রের মনোভাব জানার আগে এই বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া সম্ভব নয় বলে জানিয়েছেন সুদর্শনবাবু।



[First Page](#) | [Calcutta](#) | [State](#) | [Uttarbanga](#) | [Dakshinbanga](#) | [Bardhaman](#)
[Purulia](#) | [Murshidabad](#) | [Medinipur](#) | [National](#) | [Business](#) | [Foreign](#)
[Sports](#) | [Today](#) | [Editorial](#) | [Reviews](#) | [Patrika](#) | [Rabibashariya](#)
[Horoscope](#) | [Crossword](#) | [Comics](#) | [Feedback](#) | [Archives](#)
[About Us](#) | [Advertisement Rates](#) | [Font Problem](#)